

## পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক ভারতের ব্রিকস লোগোর উন্মোচন এবং ব্রিকস ওয়েবসাইটের সূচনা

১) ২০১৬ সালের জন্য রুশ ফেডারেশন থেকে ব্রিকস চেয়ারম্যানশিপ গ্রহণ করেছে ভারত।

২) এই উপলক্ষে আজ নয়াদিল্লিতে আয়োজিত একটি অনুষ্ঠানে ভারতের ব্রিকস চেয়ারম্যানশিপের মেয়াদকালীন ব্রিকস লোগোর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন মাননীয় পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতী সুষমা স্বরাজ। এই উপলক্ষে ওই অনুষ্ঠানেই মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ভারতের ব্রিকস ওয়েবসাইটেরও সূচনা করেছেন।

৩) ব্রিকস লোগো প্রতিযোগিতার বিজয়ীর হাতে ৫০ হাজার টাকার নগদ আর্থিক পুরস্কার তুলে দেন মাননীয় পররাষ্ট্রমন্ত্রী। এই প্রতিযোগিতায় গোটা দেশ থেকে ৫৭০-এরও বেশি এন্ট্রি জমা পড়েছিল।

৪) মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ঘোষণা করেন যে, অষ্টম ব্রিকস সম্মেলন ২০১৬-র ১৫-১৬ অক্টোবর ভারতের গোয়ায় আয়োজিত হবে। এই বছর জুড়ে ভারতের ব্রিকস চেয়ারম্যানশিপ চলাকালীন মন্ত্রীপর্যায়ের ছাড়াও উচ্চপদস্থ আধিকারিক, ওয়ার্কিং গ্রুপ, প্রযুক্তিগত এবং ট্র্যাক-টু স্তরের পঞ্চাশটিরও বেশি বৈঠক এবং অনুষ্ঠান আয়োজিত হওয়ার কথা রয়েছে।

৫) প্রতিক্রিয়াশীল, সার্বিক এবং সমষ্টিগত সমাধানই আমাদের ব্রিকস চেয়ারম্যানশিপের মূল ভাবনা। তবে এর বিশেষ নজর দেওয়া হবে প্রতিষ্ঠান নির্মাণ, পুরনো প্রতিশ্রুতির বাস্তবায়ন

এবং স্থায়িত্ব ও দৃঢ়ত্বের আবহে উদ্ভাবনী সমাধান  
আবিষ্কারের উপর।

৬) আমাদের ব্রিকস চেয়ারম্যানশিপের মুখ্য গুরুত্বপূর্ণ  
দিকগুলি হবে— মানুষে মানুষে যোগাযোগ বৃদ্ধি, ব্যবসা,  
যুবশক্তি এবং খেলাধুলা। ভারতের চেয়ারম্যানশিপে ব্রিকস  
অনুর্ধ্ব-১৭ ফুটবল প্রতিযোগিতা, ব্রিকস চলচ্চিত্র উৎসব,  
ব্রিকস ফ্রেডশিপ সিটিস কনক্লেভ, ব্রিকস ওয়েলনেস  
ফোরাম, ব্রিকস ট্রেড ফেয়ার, ব্রিকস যুব সম্মেলন, ব্রিকস  
থিঙ্ক-ট্যাঙ্ক ফোরাম, ব্রিকস অ্যাকাডেমিক কাউন্সিল প্রভৃতি  
অনুষ্ঠানের আয়োজন করা হবে। ভারতের চেয়ারম্যানশিপ  
থাকাকালীন ব্রিকসের বিভিন্ন অনুষ্ঠানে নানা রাজ্যের  
বাসিন্দাদের অংশগ্রহণ করতে অনুপ্রাণিত করা হবে। দেশের  
বিভিন্ন রাজ্যেও ব্রিকসের অনুষ্ঠান আয়োজন করা হবে।

৭) অনুষ্ঠানে সংবাদমাধ্যম, বিজনেস এবং কমার্স চেম্বারের  
প্রতিনিধিরা ছাড়াও ব্রিকসভুক্ত দেশগুলির প্রতিনিধিরা  
উপস্থিত ছিলেন।

নয়াদিল্লি

মার্চ ২২, ২০১৬